



سفارة جمهورية بنغلاديش الشعبية، الرياض
Embassy of the People's Republic of Bangladesh, Riyadh

জরুরী বিজ্ঞপ্তি

সাধারণ ক্ষমা-২০১৭ [আউট-পাস (সাময়িক ভ্রমন/ট্রাভেল পারমিট) এর আবেদন সংক্রান্ত]

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা সৌদি আরবে বর্তমানে অবৈধ আছেন, কোন ধরনের মামলায় মাতলুব নেই তারা ২৯ মার্চ ২০১৭ থেকে পরবর্তী ৯০ দিন অর্থাৎ ০৬ জুন ২০১৭'র মধ্যে জেল-জরিমানা ছাড়াই সৌদি আরব ত্যাগ করতে পারবেন। যারা এই সুযোগে বাংলাদেশে যাবেন তারা পরবর্তীতে বৈধভাবে নতুন ভিসা নিয়ে সৌদি আরব প্রবেশ করতে পারবেন। সময়সীমার শেষ পর্যায়ে প্লেন টিকেট ও এক্সিট ভিসা সংগ্রহে ঝামেলা হতে পারে বিধায় আত্মহীদের আগেভাগেই আউটপাস সংগ্রহের জন্য অনুরোধ করা যাচ্ছে। বাংলাদেশ দূতাবাস, রিয়াদে আউটপাস (সাময়িক ভ্রমন/ট্রাভেল পারমিট) এর আবেদনের সময়সীমা ২৯ মার্চ ২০১৭ থেকে ৩১ মে ২০১৭ পর্যন্ত নির্ধারিত করেছে। উক্ত সময়সীমার বাহিরে দূতাবাস থেকে আউটপাস (ট্রাভেল পারমিট) সংক্রান্ত কোন আবেদন বা সার্ভিস প্রদান করা হবে না।

নিম্নলিখিত পদ্ধতিতে আউটপাস (ট্রাভেল পারমিট) সংক্রান্ত সুযোগ গ্রহণ করা যাবে :

- হজ্জ, উমরা, ভিজিট এবং ট্রানজিট ভিসায় এসে নির্ধারিত সময়ে যারা চলে যাননি এবং বৈধ পাসপোর্ট (মেয়াদ আছে) তারা সরাসরি প্লেন টিকেট নিয়ে এয়ারপোর্ট চলে যাবেন, সেখান থেকে এক্সিট দিয়ে দেশে পাঠিয়ে দেয়া হবে। আর যাদের বৈধ পাসপোর্ট নেই তারা প্রথমে ফিঙ্গারপ্রিন্ট দিয়ে ছদ্ম নাম্বার সংগ্রহ করে দূতাবাস হতে আউটপাস সংগ্রহ করবেন। এরপর সৌদি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে অনলাইন এর মাধ্যমে এপয়েনমেন্ট সংগ্রহ করে নির্দিষ্ট দিনে মালাজের যাওয়াজাত অফিসে গিয়ে পাসপোর্ট অথবা আউটপাস জমা দিয়ে এক্সিট ভিসা সংগ্রহ করে ২৯/০৩/২০১৭ তারিখ হতে ৯০ দিনের ভেতরে সৌদি আরব ত্যাগ করবেন।
- যাদের কোন ইকামা নেই, যাদের ইকামার মেয়াদ শেষ হয়ে গেছে, যাদেরকে ১৯/৩/২০১৭ তারিখের আগে ছরুফ দেয়া আছে, যারা শ্রম আইন ভংগ করেছেন, বিগত বছরে যারা অনুমতি ছাড়া হজ্জ পালন করেছেন এবং পুলিশের কাছে তাদের তথ্য রেজিস্টার্ড করা আছে, এবং যারা অবৈধভাবে সীমান্ত পাড়ি দিয়ে এসেছেন তারা প্রথমে ফিঙ্গারপ্রিন্ট দিয়ে জাওয়াজাত প্রিন্ট সংগ্রহ করে, পাসপোর্ট নিয়ে অথবা পাসপোর্ট না থাকলে দূতাবাস হতে (জাওয়াজাত প্রিন্ট, ২ কপি ছবি, পাসপোর্টের/ জাতীয় পরিচয়পত্রের/ জন্ম নিবন্ধন সনদের ফটোকপি জমা দিয়ে) আউটপাস সংগ্রহ করে, অনলাইন হতে এপয়েনমেন্ট সংগ্রহ করে নির্দিষ্ট দিনে মালাজের যাওয়াজাত অফিসে গিয়ে পাসপোর্ট অথবা আউটপাস জমা দিয়ে এক্সিট ভিসা সংগ্রহ করে ২৯/০৩/২০১৭ তারিখ হতে ৯০ দিনের ভেতরে সৌদি আরব ত্যাগ করতে হবে।
- যাদের ইকামা আছে এবং ইকামার মেয়াদও আছে তবে কফিলকে চিনেননা জানেনা, কফিল এক্সিট দেয়নি/ছরুফও দেয়নি কিন্তু তারা দেশে যেতে চায় তারা প্রথমে মাকতাব আমলে (লেবার অফিসে) তার সমস্যার কথা জানিয়ে মকতবে আমেল হতে জাওয়াজাতের জন্য চিঠি সংগ্রহ করবেন, উক্ত চিঠি সহ পাসপোর্ট নিয়ে অথবা পাসপোর্ট না থাকলে দূতাবাস হতে (২ কপি ছবি, পাসপোর্টের/ জাতীয় পরিচয়পত্রের/ জন্ম নিবন্ধন সনদের ফটোকপি জমা দিয়ে) আউটপাস সংগ্রহ করে, অনলাইন হতে এপয়েনমেন্ট সংগ্রহ করে নির্দিষ্ট দিনে মালাজের যাওয়াজাত অফিসে গিয়ে পাসপোর্ট অথবা আউটপাস জমা দিয়ে এক্সিট ভিসা সংগ্রহ করে ২৯/০৩/২০১৭ তারিখ হতে ৯০ দিনের ভেতরে সৌদি আরব ত্যাগ করতে হবে।



سفارة جمهورية بنغلاديش الشعبية، الرياض
Embassy of the People's Republic of Bangladesh, Riyadh

- যাদের ইকামা আছে তবে ইকামা নবায়ন বা সেই ইকামা দিয়ে কোম্পানী এক্সিট ভিসা নিতে পারছেন না (কোম্পানী রেড হওয়ার কারণে) তারা প্রথমে শ্রম অফিসে যেয়ে একটি সাময়িক ওয়ার্ক পারমিট কার্ড সংগ্রহ করবেন। উক্ত কার্ড সহ পাসপোর্ট নিয়ে অথবা পাসপোর্ট না থাকলে দূতাবাস হতে (২ কপি ছবি, পাসপোর্টের/ জাতীয় পরিচয়পত্রের/ জন্ম নিবন্ধন সনদের ফটোকপি জমা দিয়ে) আউটপাশ সংগ্রহ করে, অনলাইন হতে এপয়েন্টমেন্ট সংগ্রহ করে নির্দিষ্ট দিনে মালাজের যাওয়াজাত অফিসে গিয়ে পাসপোর্ট অথবা আউটপাশ জমা দিয়ে এক্সিট ভিসা সংগ্রহ করে ২৯/০৩/২০১৭ তারিখ হতে ৯০ দিনের ভেতরে সৌদি আরব ত্যাগ করতে হবে।

সাধারণ ক্ষমার সুবিধাসমূহঃ

- শ্রম আইন, ইকামা আইন, সীমান্ত নিরাপত্তা আইন ভংগের জরিমানা থেকে রেহাই।
➤ এক্সিট ফি সহ যাবতীয় সরকারী ফি মওকুফ।
➤ বাসমা মুরাহহাল (এক্সিট ফিঙ্গার প্রিন্ট) নেয়া হবেনা।
➤ দেশে গিয়ে আবার ভিসা নিয়ে বৈধভাবে পুনরায় সৌদি আরবে কাজের জন্য আসতে পারবে।

যারা এই সুবিধা গ্রহণ করতে পারবেনাঃ

যাদের নামে বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডের কারণে মাতলুব (ওয়ান্টেড আছে, গেফতারি পরোয়ানা) আছে তারা যারা এই সুবিধা গ্রহণ করে দেশে যেতে পারবেন না।

এপয়েন্টমেন্ট নেয়ার পদ্ধতিঃ

সৌদি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (লিংকঃ <http://goo.gl/HpNtgv>) গিয়ে নির্ধারিত তথ্য (ইকামা নম্বর/জাওয়াজাতের ছদ্দ নাম্বার ও জন্ম তারিখ) দিয়ে এপয়েন্টমেন্ট নিতে হবে।

মালাজ জাওয়াযাত অফিসের ঠিকানাঃ

মালাজ জাওয়াযাত অফিসের জিপিএস/GPS ঠিকানা হল 24.674956, 46.731115। রিয়াদের যেকোন প্রান্ত থেকে সালাহ উদ্দিন আইয়ুবী রোড হয়ে হাতের বাম দিকে এনসিবি (আহলী) ব্যাংকের গলি যায়েদ বিন সাবেত রোডে যেতে হবে। অথবা চিড়িয়াখানার পার্শ্ববর্তী আল ইহসা রোড হতে প্রিন্স মানসুর বিন আঃ আজীজ রোডে।

আউট-পাস (সাময়িক ভ্রমণ/ট্রাভেল পারমিট) এর আবেদন সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ০৫০২৪৫২৬৯৬, ০৫৫১৪০৭৯৪৪, ০৫০১৮৮৪১১৭, ০৫৪২৮৯৭৫৭৮, ০৫৩১১৬০৯০০, ০৫৫৭৭৮৫৪৮৭, ০৫৩১০৭৬২৪৩ নম্বরে ফোন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

* আউটপাসের জন্য সরকার নির্ধারিত কন্সুলার ফি সৌদি রিয়াল মাত্র ১০৫/-



আদেশক্রমে,
কর্তৃপক্ষ